



Northamptonshire County Council

যে বাচ্চারা সেপ্টেম্বর 2012 থেকে স্কুলে যাওয়া শুরু করবে তাদের
পিতামাতা / অভিভাবকদের প্রতি

প্রিয় পিতামাতা / অভিভাবক,

যার সাথে কথা বলবেন: অ্যাডমিশন টিম
টেলিফোন: 01604 236599
সূত্র: 4+
তারিখ: সেপ্টেম্বর 2011

সেপ্টেম্বর 2012-তে অভ্যর্থনা স্থানে প্রবেশ

1 সেপ্টেম্বর 2011 এবং 31 অগাস্ট 2012-র মধ্যে আপনার বাচ্চার বয়স 4 বছর হলে এবং আপনি যদি নরথ্যাম্পটনশায়ার বাস করেন, তাহলে সেপ্টেম্বর 2012-তে প্রাথমিক স্কুলে একটি জায়গার জন্য আপনাকে নরথ্যাম্পটনশায়ার কাউন্সিল কাউন্সিল-এর কাছে আবেদন করতে হবে (নরথ্যাম্পটনশায়ারের কিছু অংশে এটা শিশু বা নীচু স্কুল হবে).

কীভাবে আবেদন করবেন

সহজতম এবং দ্রুততম পদ্ধতি হল www.northamptonshire.gov.uk/admissions ওয়েবসাইটে অনলাইনে আপনার পছন্দের ফর্ম সম্পন্ন করা.

আপনার বাচ্চাদের জন্য আবেদন করার পূর্বে অনুগ্রহ করে “অ্যাপ্লাইয়িং ফর এ প্রাইমারি স্কুল প্লেস ফর সেপ্টেম্বর 2012” পুস্তিকাটি মনোযোগ সহকারে পড়ে নেবেন. আপনাকে ভর্তি করার প্রক্রিয়ায় সাহায্য করার জন্য এতে গুরুত্বপূর্ণ তথ্য আছে. উল্লিখিত ঠিকানায় অনলাইনে এই পুস্তিকাটি দেখা যাবে. স্কুল এবং গ্রন্থাগারেও এই পুস্তিকার প্রতিলিপি রাখা আছে.

কিছু স্কুল আবেদনের বিষয়ে আরো তথ্য পাবার জন্য পিতামাতাকে একটি অতিরিক্ত ফর্ম সম্পন্ন করতে বলে. সেই ক্ষেত্রে আপনার ফর্মটি সম্পন্ন করা উচিত আপনি স্কুলটিকে আপনার প্রথম, দ্বিতীয় বা তৃতীয় পছন্দ হিসাবে উল্লেখ করুন বা না করুন. ফর্মগুলি ভর্তি হওয়ার ওয়েবসাইটে বা স্কুল থেকে পাওয়া যাবে. অনুগ্রহ করে এই অতিরিক্ত ফর্মগুলি 15 জানুয়ারী 2012 তারিখের মধ্যে যথাযথ প্রাথমিক স্কুলে ফেরত পাঠাবেন.

অনলাইন আবেদন পরিষেবার জন্য কিছু প্রাথমিক স্কুল, নার্সারি এবং স্থানীয় গ্রন্থাগার সাহায্য করতে পারে. আরো বিবরণের জন্য আপনি আমাদের ওয়েবসাইট দেখতে পারেন অথবা 01604 236599 নম্বরে কাস্টমার সার্ভিস টিমকে ফোন করতে পারেন.

অনলাইনে আবেদন করার বদলে আপনি যদি একটি কাগজের পছন্দের ফর্ম চান, তাহলে অনুগ্রহ করে অ্যাডমিশন টিমের সাথে যোগাযোগ করুন (বিবরণ নীচে দেওয়া আছে). আমাদের সুপারিশ হল আপনার ফর্মের সাথে পুস্তিকার পিছনদিকে দেওয়া পোস্টকার্ডে নিজের ঠিকানা লিখে আমাদের কাছে পাঠান, আপনার আবেদন প্রাপ্তি সুনিশ্চিত করার জন্য. আবেদনের জন্য উভয় পদ্ধতি গ্রহণযোগ্য; তবে আপনাকে উভয় সম্পন্ন করতে হবে না.

জমা দেওয়ার শেষ তারিখ

সকল আবেদন জমা দেওয়ার শেষ তারিখ হল 15 জানুয়ারি 2012 (আমরা সোমবার 16 জানুয়ারি 2012 তারিখে দুপুর 12টা পর্যন্ত আবেদন জমা নেব). যদি কাগজের ফর্মে আবেদন করা হয়, তাহলে তা অবশ্যই এই তারিখের মধ্যে অ্যাডমিশন টিমের কাছে ফেরত দিতে হবে (ঠিকানা নীচে দেওয়া আছে). একটি পছন্দের ফর্ম সম্পন্ন করা এবং যথেষ্ট ডাক টিকিট লাগানো হল পিতামাতার দায়িত্ব. শেষ তারিখের মধ্যে জমা না দিলে আপনার পছন্দের স্কুলগুলিতে আপনার বাচ্চার জায়গা পাবার সম্ভাবনা ক্ষতিগ্রস্ত হবে. এই তারিখের পরে পাওয়া আবেদনগুলিকে দেরি করে আসা ধরা হবে.

আমার বাচ্চা কোন স্কুলে জায়গা পেয়েছে আমি তা কখন জানতে পারব?

অ্যাডমিশন টিম বন্টন করা স্কুলের বিবরণ দিয়ে বরাদ্দ চিঠি বুধবার 2 মে 2012 তারিখে প্রথম শ্রেণীর ডাকে পাঠাবে. আপনি অনলাইনে আবেদন করে থাকলে আপনি 2 মে 2012 তারিখে অনলাইনে আপনার বাচ্চার বরাদ্দ দেখতে পারবেন.

পরিশেষে কোন তথ্য অস্পষ্ট থাকলে অ্যাডমিশন টিমের সাথে যোগাযোগ করতে দ্বিধা করবেন না যারা আনন্দের সাথে আপনাকে সাহায্য করবে.

ভবদীয়,

নরথ্যাম্পটনশায়ার কাউন্সিল কাউন্সিল অ্যাডমিশন টিম,